# আমার ক্যানভাস

একটা ছেলেকে আমি দেখতাম একটু অন্যরকম। আমি যখন ইউনিভার্সিটিতে পড়তাম, ফাইন আর্টসের স্টুডেন্টরা আমাকে সবসময় আকর্ষণ করতো। ক্যানভাস , তাদের এলোমেলো চুল, আউলা ঝাউলা পোষাকের উদাস উদাস ভঙ্গী নিয়ে এরা চলাফেরা করতো। আমার খুব ইচ্ছে করতো ওদের মত হতে।
তাদের একজন ছিল এই ছেলেটা। সে কিন্তু পোষাক আশাকে স্বাভাবিক ছিল। কোন এলোমেলো চুল ছিল না, পাঞ্জাবী পরতো না। কিন্তু তার চলাফেরা ছিল একটু অন্যরকম। তাকে দেখতাম একা একা হাঁটছে রেল লাইন ধরে... ভর দুপুরে... প্রচন্ড রোদের মাঝে। অথবা দেখতাম তাদের বন্ধুদের আড্ডার মাঝখানে হঠাৎ উঠে দোকানের সামনের ছোট্ট জায়গাটিতে অস্থিরভাবে হাঁটছে... একবার এদিক আরেকবার সেদিক।

এম. এস. সি -র শেষের দিকে তার সাথে আমার পরিচয় হলো। কিন্তু আমি কারো নাম খুব একটা মনে রাখতে পারি না। তার নামও আমি খুব একটা মনে রাখতে পারতাম না। হঠাৎ কোত্থেকে আমার সামনে এসে বলতো, 'আমার নাম অর্ক।' তার মুখের হাসিটা দেখে আমার মন ভালো হয়ে যেত। কিন্তু কখনো কোথাও বসে তার সাথে কথা হতো না।
বেশ কিছু বছর চলে গেছে। ইউনিভার্সিটি শেষ হবার পরে এখন যেখানে প্রতি সন্ধ্যায় আড্ডা দিই সেই জায়গায় হঠাৎ তার উপস্থিতি । একই ভঙ্গী : আমার নাম অর্ক। মুখে অসম্ভব সুন্দর একটা হাসি। একইরকম অস্থিরতা , এলোমেলো পায়চারী, চশমাটা একটু পরপর তুলে দেয়া আঙুল দিয়ে। মাথার চুলে হাত বুলিয়ে আকাশের দিকে তাকিয়ে থাকা। আমি তাকে এখনো দেখি। সে ছবি আঁকে। কিন্তু সে জানে না সে শুধু অর্ক নয়, আমার ফেলে আসা সুন্দর ক্যাম্‌পাসে অনেক স্মৃতির সুন্দর একটা ক্যানভাস। একটা সুন্দর আকাশের পটভূমিতে আমার ক্যাম্পাসের মুখ, যে মুখ সবসময়ই স্মৃতির স্পর্শ আনে।

~~ নীল স্বপ্ন ~~

সেপ্টেম্বর , ৫, ২০০৬